

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীবরদী, শেরপুর

স্মারক নং- ০৫.৪৫.৮৯৯০.০০৩.১৯.০০৯.২৫- ২৩৬

তারিখ- ১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে পুনরায় আবেদন আহ্বান

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন (২০ একরের নিম্নে বন্ধ) ইজারায়োগ্য জলমহাল বাংলা ১৪৩৩ সন হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখা অধিশাখার এর গত ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৬.১০১ নং স্মারকে পত্র অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে ম্যানুয়াল আবেদন আহ্বান করা যাচ্ছে। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.sreebordi.sherpur.gov.bd ও www.acl.sreebordi.sherpur.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। উল্লেখ্য, শ্রীবরদী উপজেলায় ১৪৩৩-১৪৩৫ সনের ইজারায়োগ্য ০১ টি জলমহাল আছে। যাহা নির্ধারিত সময়ে অনলাইনে ইজারা সম্পন্ন হয়নি বিধায় উল্লিখিত পরিপত্রের নির্দেশে নতুন করে ম্যানুয়াল আবেদন আহ্বান করা হচ্ছে।


ক্রঃ নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১	বাংলা ১৭ ফাল্গুন থেকে ২৭ ফাল্গুন, ১৪৩২ এর মধ্যে (০৪/০৩/২০২৬ থেকে ১৬/০৩/২০২৬ তারিখের মধ্যে)	আবেদন ফরম, জামানত ও অন্যান্য কাগজপত্র যথাযথভাবে যুক্ত করে মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর কার্যালয়ে স্থাপিত দরপত্র বাস্তবে ১৬/০৩/২০২৬ তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র দাখিল করা যাবে। ঐ দিন দুপুর ১.৩০ মি. এ দরপত্র দাখিলকারীদের উপস্থিতিতে (যদি থাকে) দরপত্র বাস্তব খোলা হবে।

১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারায়োগ্য জলমহাল সমূহের তালিকা(ম্যানুয়াল পদ্ধতি)

ক্র.ন.	ইউনিয়নের নাম	জলমহালের নাম	জলমহালের আয়তন (একরে)	ইজারার মেয়াদকাল	৫% বৃদ্ধিতে কাঙ্ক্ষিত সরকারি মূল্য (৩ বছরের জন্য)	মন্তব্য
০১.	রাণীশিমুল	সিংহজানী	৭.৪৮ একর	বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত	৬৩,০০০/-	

নিয়মাবলীঃ

- আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।
- ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকায় উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর হতে সংগ্রহ করতে হবে।
- পুরণকৃত আবেদন ফরমটির মূল কপি ৫০০/- (পাঁচশত) টাকা জমা রশিদসহ আবেদনের সকল তথ্যাদি জলমহাল ইজারার (৩ বছরের) জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর এ দাখিল করতে হবে।
- সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহালের নাম, ডানপার্শ্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের পর নির্দিষ্ট সময়ের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।
- সরকারি নীতিমালা অনুযায়ী ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎস কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য শর্তাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।
- প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।
- বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।
- সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী, একই সংগঠন/সমিতি দুইটির বেশী জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।


০২/০৩/২৬

মনীষা আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীবরদী, শেরপুর।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

১. জেলা প্রশাসক, শেরপুর।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শেরপুর।
৩. উপজেলা..... অফিসার, শ্রীবরদী, শেরপুর।
৪. চেয়ারম্যান..... ইউ.পি. শ্রীবরদী, শেরপুর।
৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস....., শ্রীবরদী, শেরপুর, তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. সম্পাদক,বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ১ দিন প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৭. নোটিশ বোর্ড..... অফিস, শ্রীবরদী, শেরপুর।

মোঃ হাবিব-উল-আহসান
সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীবরদী, শেরপুর।